

## ভর্তি

# ডেন্টাল ক্লাস শুরু ১৪ সেপ্টেম্বর, ভর্তির সুযোগ পেল আরও ২৫ শিক্ষার্থী

নিজস্ব প্রতিবেদক ঢাকা



মেডিকেল ফাইল ছবি

বিডিএস কোর্সে সরকারি ডেন্টাল কলেজ ও মেডিকেল কলেজ ডেন্টাল ইউনিটগুলোয় ২০২২-২৩ শিক্ষাবর্ষে প্রথম বর্ষের ক্লাস শুরু হবে আগামী ১৪ সেপ্টেম্বর থেকে। ডেন্টাল কলেজগুলোয় শূন্য আসনে মেধা ও পছন্দের ভিত্তিতে চতুর্থ দফায় স্বয়ংক্রিয় মাইগ্রেশন শেষ হয়েছে। অপেক্ষমাণ তালিকা থেকে ২৫ (পঁচিশ) জনকে সরকারিভাবে ভর্তির জন্য মনোনীত করেছে স্বাস্থ্য শিক্ষা অধিদপ্তর। গতকাল সোমবার স্বাস্থ্য শিক্ষা অধিদপ্তরের বিজ্ঞপ্তিতে এসব তথ্য জানানো হয়েছে।

বিজ্ঞপ্তিতে জানানো হয়েছে, ঢাকা ডেন্টাল কলেজ বা মেডিকেল কলেজ ডেন্টাল ইউনিটগুলোয় মাইগ্রেশনে সুযোগপ্রাপ্ত শিক্ষার্থীরা ভর্তি হওয়া কলেজের অধ্যক্ষের দপ্তরে যোগাযোগ করবেন। ২৯ আগস্ট থেকে ১৩ সেপ্টেম্বরের মধ্যে অবশ্যই মাইগ্রেশন প্রক্রিয়া অর্থাৎ বর্তমান কলেজ বা ইউনিট থেকে বদলি হওয়া প্রতিষ্ঠানে ভর্তির সব আনুষ্ঠানিকতা সম্পন্ন করবেন। এ সময়ের মধ্যে মাইগ্রেশনপ্রাপ্ত শিক্ষার্থীদের কেউ ভর্তি হতে ব্যর্থ হলে উভয় কলেজ থেকে তাঁর ছাত্রত্ব বাতিল হয়ে যাবে বলেও জানানো হয়েছে। ভর্তির ক্ষেত্রে অধিদপ্তর প্রকাশিত ভর্তি বিজ্ঞপ্তির অন্যান্য শর্ত প্রযোজ্য হবে।

স্বাস্থ্য শিক্ষা অধিদপ্তর আরও বলেছে, অপেক্ষমাণ তালিকা ও স্বয়ংক্রিয় অভিপ্রায়ণ (মাইগ্রেশন) ফল স্বাস্থ্য শিক্ষা অধিদপ্তরের ওয়েবসাইট [www.dgme.gov.bd](http://www.dgme.gov.bd) ও স্বাস্থ্য অধিদপ্তরের ওয়েবসাইট [www.dghs.gov.bd](http://www.dghs.gov.bd) থেকে জানা যাবে। সংশ্লিষ্ট ছাত্রছাত্রীদের টেলিটকের 01550155555 নম্বর থেকে খুদে বার্তার মাধ্যমে এ-সংক্রান্ত তথ্য জানানো হবে।



সম্পাদক ও প্রকাশক : মতিউর রহমান  
স্বত্ব © ২০২৩ প্রথম আলো